গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.১৫২.১৮-৯৬৫ তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ। ০৬ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয় ঃ **উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তা নিশ্চিতকরণের প্রতি উপজেলায় ১ জন পিসি/এপিসিসহ মোট ১০ (দশ) জন অঙ্গীভূত সশস্ত্র আনসার মোতায়েন প্রসঙ্গে।**

সূত্র : আনসার অধিশাখা-২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.১৬.০০৩.১৯-১১৫, তারিখঃ ২৬/১১/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্র 'খ' পত্রের চাহিদামতে সারাদেশের সকল উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি উপজেলায় মোট ১০ (দশ) জন (১ জন পিসি/এপিসি ও ৯জন আনসার) অঙ্গীভূত সশস্ত্র আনসার নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে মোতায়েনের অনুমোদন প্রদান করা হলো। উল্লেখ্য, ইতিপূর্বে ৪ জন (১ পিসি/এপিসি + ৩ আনসার) সশস্ত্র অঙ্গীভূত আনসার মোতায়েন করা হয়েছে বিধায় ০৬ জন আনসার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং স্মার্ট, অধিক শিক্ষিত ও সুঠাম দেহের অধিকারী আনসার সদস্য মোতায়েন করতে হবে।

ক. **স্বাস্থ্যসম্মত আবাসন ও জ্বালানীসহ রান্নার সু-ব্যবস্থা নিশ্চিত করে মোতায়েন করতে হবে;**
খ. **অস্ত্র ও গোলাবারুদ রাখার সু-ব্যবস্থা ও সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে হবে;**
গ. **০৬টি শটগান ও ৬০ টি কার্তুজসহ মোতায়েন করতে হবে;**
ঘ. **প্রত্যাশী সংস্থা হতে দৈনিক ভাতার ২০% আনুষঙ্গিক ভাতা প্রাপ্তি নিশ্চিত করতে হবে;**
ঙ. সময়ে সময়ে জারিকৃত কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রত্যাশী সংস্থাকে আনুষাঙ্গিকসহ সকল ভাতাদি প্রদান করতে হবে;
চ. দায়িত্বপূর্ণ এলাকা স্কেচম্যাপসহ সরেজমিন চিহ্নিত করতে হবে এবং সুনির্দিষ্ট এলাকার বাইরে কর্তব্য পালন করা যাবে না;
ছ. শুধুমাত্র নিরাপত্তাজনিত দায়িত্ব ও কর্তব্য পালন করবে এবং সে অনুযায়ী দায়িত্ব ও কর্তব্য তালিকা প্রণয়ন করতে হবে;
জ. মোতায়েনকৃত আনসারগণ কোনরূপ দখল/উচ্ছেদ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না;
ঝ. নীতিমালা মোতাবেক আনসার গার্ডটি সংশ্লিষ্ট রেঞ্জ কর্তৃক নবায়ন করতে হবে;
ঞ. অঙ্গীভূত সদস্যদের নিয়মিত পিটি ও ড্রিল অনুশীলন নিশ্চিত করতে হবে;
ট. চিকিৎসা সেবা প্রাপ্তি ও চিত্তবিনোদনের ব্যবস্থা করতে হবে;
ঠ. আনসার সদস্যগণ বাৎসরিক ৫০ (পঞ্চাশ) দিনের ছুটি প্রাপ্য হবেন;
ড. বিশুদ্ধ পানি ও পয়ঃনিস্কাশনের ব্যবস্থা থাকতে হবে;
ঢ. অগ্নি নির্বাপন ব্যবস্থা থাকতে হবে;
ণ. বিধি মোতাবেক নির্ধারিত হারে উৎসব ভাতা প্রদান করতে হবে;
থ. জেলা কমান্ড্যান্ট ও সংশ্লিষ্ট ইউএভিডিও কর্তৃক নিয়মিত গার্ড পরিদর্শন নিশ্চিত করতে হবে;
দ. বিবাদপূর্ণ স্থানে ডিউটি পোষ্ট স্থাপন করা যাবে না;

২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল) বর্ণিত শর্তসমূহ প্রতিপালন নিশ্চিতপূর্বক আনসার বাহিনী আইন ১৯৯৫ এর ধারা-৬(৪) ও সূত্র 'ঘ' যথাযথ অনুসরণপূর্বক অঙ্গীভূত আদেশ জারী করবেন।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরিত হলো।

০৬/১২/২০২
মোহাম্মদ সাখাওয়াত হোসেন
পরিচালক (অঙ্গীভূতকরণ)
ফোন-৮৮০২৪৭২১৩৮৭৮

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
............... (সকল)।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.১৫২.১৮-৯৬৫ তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ। ০৬ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২. | অতিরিক্ত মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ,, |
| ৩. | যুগ্ম-সচিব (আনসার), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ,, |
| ৪. | উপ-মহাপরিচালক (অপারেশন্স), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। | ,, |
| ৫. | উপ-মহাপরিচালক/পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ................রেঞ্জ.................। | ,, |
| ৬. | অফিস কপি/ মাস্টার কপি | সংরক্ষণের জন্য। |




পরিচালক (অঙ্গীভূতকরণ)

F:\MD SWAPAN MIAH\Upazila UNO\Letter.docx